

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date : 25-12-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

X Mas :

আজ বড়দিন। খ্রীষ্ট ধর্মের প্রবর্তক প্রভু যীশু খ্রীষ্টের আবির্ভাব দিবস। দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে রাজ্যেও জাতি-জনজাতি উভয় অংশের জনগণ বড়দিনের উৎসবে মেতে উঠেছেন। গতকাল মধ্য রাতে বিশেষ প্রার্থনা সভার মধ্যে দিয়ে শুরু হয়েছে বড়দিন পালন। গির্জায় গির্জায় ক্যারল সঙ্গীতের আয়োজন করা হয়। বড়দিন উপলক্ষে, আগরতলার দুর্জয়নগরের ক্যাথলিক গীর্জা সহ রাজ্যের বিভিন্ন গীর্জাগুলি সাজিয়ে তোলা হয়েছে। তারার বাতি ও আলোকমালাতে সাজিয়ে তোলা হয়েছে গীর্জাগুলিকে। বড়দিন উপলক্ষে আগরতলা শহরতলীর মরিয়মনগর গির্জাও সাজিয়ে তোলা হয়েছে। এখানে আজ থেকে ২ দিন ব্যাপী মেলার আয়োজন করা হয়েছে। বিধায়ক রতন চক্রবর্তী আজ এই গির্জায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। জানিয়েছেন গির্জার দায়িত্ব প্রাপ্ত ফাদার লিনাস। রাজ্যের খ্রীস্ট ধর্মাবলম্বী অধ্যুষিত, জম্পুই, কাঞ্চনপুর, আমবাসা, বিশ্রামগঞ্জ, খোয়াই বেলবাড়ি প্রভৃতি এলাকাতেও উৎসবের আমেজ পরিলক্ষিত হচ্ছে।

Social Pention-Ratan Nath :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন সমাজের সব অংশের মানুষের উন্নয়ন হলেই রাজ্যের প্রকৃত উন্নয়ন সম্ভব। গতকাল মোহনপুর পুর পরিষদের অফিস প্রাঙ্গণে দিব্যাঙ্গজনদের মধ্যে সামাজিক ভাতার অনুমোদন পত্র বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করে কৃষিমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। কৃষিমন্ত্রী বলেন বর্তমানে সমগ্র

রাজ্যে ৪ লক্ষ ৮ হাজার ৭২৭ জনকে বিভিন্ন সামাজিক ভাতা দেওয়া হচ্ছে। এজন্য বছরে ব্যয় হচ্ছে ৭৮৯ কোটি ৯৭ লক্ষ টাকা। অনুষ্ঠানে মোহনপুর আইসিডিএস প্রজেক্টের অন্তর্গত ২৫৬ জন দিব্যাঙ্গজনের মধ্যে সামাজিক ভাতার অনুমোদনপত্র তুলে দেওয়া হয়।

PM-Pre Budget :

২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত গড়ার জন্য মানসিকতার পরিবর্তনের ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। নতুন দিল্লিতে গতকাল বিশিষ্ট অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞদের সঙ্গে প্রাক বাজেট আলোচনায় তিনি বিকশিত ভারত গঠনের বিষয়টির ওপরে গুরুত্ব দেন। এদিনের বৈঠকের মূল লক্ষ্য ছিল “বৈশ্বিক অনিশ্চয়তার মাঝেই ভারতের উন্নয়নের গতি বজায় রাখা”। বৈঠকে ভূ রাজনৈতিক উত্তেজনা ও সেই সংক্রান্ত চ্যালেঞ্জ, তরুণদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, বেসরকারি বিনিয়োগ, গ্রামীণ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, কৃষি ক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধি, পরিকাঠামো উন্নয়ন নিয়েও আলোচনা হয়। চলতি মাসের ৬ তারিখ থেকে ২০২৫-২৬ কেন্দ্রীয় বাজেটের জন্য মতামত গ্রহণ শুরু হয়। আগামী পহেলা ফেব্রুয়ারি ২০২৫-২৬ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ হওয়ার কথা।

PM, MP :

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর ১০০তম জন্মবার্ষিকীতে আজ মধ্যপ্রদেশে বেশকিছু গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী এই উপলক্ষে একটি স্মারক ডাকটিকিট এবং মুদ্রাও প্রকাশ করবেন। তিনি এক হাজার ১৫৩টি অটল গ্রাম সুশাসন ভবনের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন।

Prasashan Gai Ki Ore :

প্রশাসন গাঁও কি ওর প্রচার অভিযানে গতকাল মোহনপুর ব্লকের নরেন্দ্রপুর চা বাগানে এক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। প্রশাসন গাঁও কি ওর প্রচার অভিযানে এদিন হেজামারা ব্লকের মেঘলিবন্দ চা বাগানে এবং মোহনপুর ব্লকের সিমনা চা বাগানেও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরগুলিতে মহকুমা শাসক সুভাষ দত্ত ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

TB Free India Campaign :

যক্ষামুক্ত ভারত গড়ার লক্ষ্যে ১০০ দিনব্যাপী প্রচারাভিযানের অঙ্গ হিসাবে গতকাল সাব্রুম মহকুমার দমদমা স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে দাসপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে যক্ষা রোগ নির্ণয় ও সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে যক্ষা রোগের প্রাথমিক লক্ষণগুলি সম্পর্কে সকলকে সচেতন করে বক্তব্য রাখেন কমিউনিটি হেলথ অফিসার গীতিকা দাস। শিবির থেকে ৫ জনকে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করার জন্য চিহ্নিত করা হয়। পাশাপাশি সাব্রুমের ব্রজেন্দ্রনগর স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে বাগানবাড়ি এলাকার ছোটখিল অঙ্গনওয়াড়ি কেন্দ্রেও গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস উপলক্ষে যক্ষারোগ সম্পর্কে সকলকে সচেতন করা হয়।

IPFT :

আইপিএফটির সাধারণ সম্পাদক স্বপন দেববর্মা সাংবাদিক সম্মেলনে জানান, আগামী পয়লা জানুয়ারি দলের প্রতিষ্ঠাতা তথা প্রাক্তন রাজস্ব মন্ত্রী প্রয়াত এন সি দেববর্মার দ্বিতীয় মৃত্যুবার্ষিকী নানা কর্মসূচির মধ্য দিয়ে পালন করা হবে। এছাড়াও তিনি জানান গত ২১ ও ২২ ডিসেম্বর বিজেপির উত্তর পূর্বাঞ্চলের দায়িত্বপ্রাপ্ত

প্রভারী সশ্বিত পাত্রা ও নেডার চেয়ারম্যান হিমন্ত বিশ্ব শর্মাৰ সঙ্গে মিলিত হয়ে জনজাতিদের স্বার্থ সংশ্লিষ্ট দাবি তুলে ধরা হয়েছে।

Santirbazar under-13 Cricket :

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত অনূর্ধ্ব-১৩ মহকুমাভিত্তিক ক্রিকেট টুর্নামেন্টে গতকাল দুইটি ম্যাচ অনুষ্ঠিত হয়। উঁচুইবাড়ি হাইস্কুল মাঠের ম্যাচে কুষ্টারঘাট ক্রিকেট কোচিং এন্ড প্লে সেন্টারকে ৩৫ রানে পরাজিত করে কসমোপলিটান ক্লাব এন্ড প্লে সেন্টার। অন্যদিকে চরকবাই দ্বাদশ স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে গ্রীণ আর্থ ক্রিকেট কোচিং সেন্টার ২৩৯ রানের বিশাল ব্যবধানে হারায় মুহুরী ক্রিকেট কোচিং এন্ড প্লে সেন্টারকে।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি পর্যায় কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৪ ডিগ্রি সেলসিয়াস।
